গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়
আইন শাখা-১
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(www.mohpw.gov.bd)

স্মারক নং- আ: কো: ১/আইনজীবী-০৬/২০২০/-৪৫

তারিখঃ ২৬ মাঘ, ১৪২৮ / ০৭ ফেব্রুয়ারি, ২০২২

# গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

মাননীয় সুপ্রিম কোর্ট অব বাংলাদেশ এর আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগসহ নিম্ন আদালতে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্বার্থ সংশ্লিষ্ট মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতায় বিজ্ঞ সরকারি আইনজীবীকে সহযোগিতা করার জন্য নিম্নে বর্ণিত তিনটি প্যাকেজে প্যানেল আইনজীবী তালিকাভুক্তির লক্ষ্যে আগ্রহী বিজ্ঞ আইনজীবিগণের নিকট হতে নিম্নোল্লিখিত শর্তে আবেদন/প্রস্তাব আহবান করা যাচ্ছে।

**প্যাকেজ-১: আপিল বিভাগের জন্য সিনিয়র প্যানেল আইনজীবী**

**প্যাকেজ-২: হাইকোর্ট বিভাগের জন্য প্যানেল আইনজীবী**

**প্যাকেজ-৩: নিম্ন আদালতের জন্য প্যানেল আইনজীবী**

**শর্তাবলী**

| | |
|---|---|
| ০১ | মন্ত্রণালয় কর্তৃক প্রস্তুতকৃত আবেদন ফরম (নিয়মাবলীসহ), আবেদনের শর্তাবলী, কার্যপরিধি ইত্যাদি গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের ওয়েবসাইটে (www.mohpw.gov.bd) পাওয়া যাবে। ফরমটি ডাউনলোড করে অথবা একই ছকে নিজে প্রস্তুত করে যথাযথভাবে পূরণ করে আবেদন করা যাবে। ফরমের নিচে বর্ণিত নিয়মাবলী অনুসরণ করে আবেদন/প্রস্তাব দাখিল করতে হবে। |
| ০২ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীগণ হতে মামলার গুরুত্ব বিবেচনায় এক বা একাধিক আইনজীবী নিয়োগ করবে। |
| ০৩ | প্যানেলভুক্ত আইনজীবীগণ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন। |
| ০৪ | গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্বার্থ রয়েছে, এমন মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিপক্ষে প্যানেলভুক্ত আইনজীবীগণ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না। |
| ০৫ | যোগ্যতা অনুযায়ী একজন আইনজীবী একাধিক প্যানেলে পৃথকভাবে আবেদন করতে পারবেন। প্রতিটি প্যাকেজের জন্য প্যানেলভুক্ত আইনজীবীর সংখ্যা নিয়োগকারী কর্তৃপক্ষ (মন্ত্রণালয়) নির্ধারণ করবেন। |
| ০৬ | মাননীয় হাইকোর্ট বিভাগের মামলায় প্যানেলভুক্তির জন্য এডভোকেট হিসেবে হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের পরে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং মাননীয় আপিল বিভাগের মামলায় সিনিয়র আইনজীবী হিসেবে প্যানেলভুক্তির জন্য আপিল বিভাগে এনরোলমেন্টসহ উভয় বিভাগে কমপক্ষে মোট ১০ (দশ) বছরের এডভোকেসি'র অভিজ্ঞতা থাকতে হবে। |

| | |
|---|---|
| ০৭ | নিম্ন আদালতের মামলায় প্যানেলভুক্তির জন্য নিম্ন আদালতে কমপক্ষে ০৭ (সাত) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে। |
| ০৮ | অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে। |
| ০৯ | আবেদনকারীর বয়স ৩১/১২/২০২১ খ্রিঃ তারিখে ৬০ (ষাট) বছর বা তার কম হতে হবে। |
| ১০ | প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। উক্ত সম্মানী/ফি'র ওপর সরকারি কর্তনাদি প্রযোজ্য হবে। |
| ১১ | প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোন বিজ্ঞ আইনজীবী কোন প্রকার সম্মানী/ফি অথবা মাসিক ভাতা প্রাপ্য হবেন না। |
| ১২ | প্যানেলভুক্তির জন্য মনোনীত আইনজীবীগণকে মন্ত্রণালয় কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত দ্বিপাক্ষিক চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে। |
| ১৩ | আবেদনপত্রের সাথে ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি, জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত সনদ ও অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে। |
| ১৪ | নিযুক্ত প্যানেল, প্যানেলভুক্তির তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে, তবে মন্ত্রণালয় কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষরের প্রেক্ষিতে নতুন মেয়াদে তা কার্যকর হবে। |
| ১৫ | কোন বিজ্ঞ আইনজীবী প্যানেল হতে অব্যাহতি চাইলে অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করবেন। |
| ১৬ | নিয়োগকারী (মন্ত্রণালয়) চাইলে যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে প্যানেলভুক্ত যে কোন এক বা একাধিক বিজ্ঞ আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে। |
| ১৭ | অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে। |
| ১৮ | প্যানেলভুক্তির জন্য দাখিলকৃত যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। |
| ১৯ | **আবেদন/প্রস্তাব আবদ্ধ খামে (খামের উপর আবেদনকারীর নাম-ঠিকানা ও প্যাকেজের নাম উল্লেখসহ) আগামী ১৬ মার্চ, ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে সরাসরি/ডাকযোগে নিচের ঠিকানায় পৌঁছাতে হবেঃ**<br><br>**<u>আবেদন পৌঁছানোর ঠিকানা</u>**<br><br>সচিব<br>গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়<br>বাংলাদেশ সচিবালয়, ঢাকা। |

২০/০২/২০২২

(মোঃ জহিরুল ইসলাম খান)
আইন কর্মকর্তা (উপসচিব)
আইন শাখা-১
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

## বেসরকারি/প্যানেল আইনজীবী নিয়োগের জন্য আবেদনের শর্তাবলী ( Requisites for Application)

১। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় প্রয়োজন অনুযায়ী প্যানেলভুক্ত আইনজীবীগণ হতে মামলার গুরুত্ব বিবেচনায় এক বা একাধিক আইনজীবী নিয়োগ করবে।

২। প্যানেলভুক্ত আইনজীবীগণ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণীত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন।

৩। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্বার্থ রয়েছে, এমন মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিপক্ষে প্যানেলভুক্ত আইনজীবীগণ প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৪। পরিত্যক্ত সম্পত্তি সম্পর্কিত আইন বিষয়ে অভিজ্ঞতা অগ্রাধিকার হিসেবে বিবেচিত হবে, তবে প্রমাণক হিসেবে তাঁর দ্বারা পরিচালিত এ সংক্রান্ত মামলার রায়ের কপি (সংক্ষিপ্ত) আবেদন/প্রস্তাবের সাথে সংযুক্ত করতে হবে।

৫। প্রতিটি প্যাকেজের জন্য প্যানেলভুক্ত আইনজীবীর সংখ্যা নিয়োগকারী কর্তৃপক্ষ (মন্ত্রণালয়) নির্ধারণ করবেন।

৬। মাননীয় হাইকোর্ট বিভাগের মামলায় প্যানেলভুক্তির জন্য এডভোকেট হিসেবে হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের পরে মামলা পরিচালনায় কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা এবং মাননীয় আপিল বিভাগের মামলায় প্যানেলভুক্তির জন্য আপিল বিভাগে এনরোলমেন্টসহ উভয় বিভাগে মোট ১০ (দশ) বছরের এডভোকেসি'র অভিজ্ঞতা থাকতে হবে।

৭। নিম্ন আদালতের মামলায় প্যানেলভুক্তির জন্য নিম্ন আদালতে কমপক্ষে ০৭ (সাত) বছর মামলা পরিচালনার অভিজ্ঞতা থাকতে হবে।

৮। অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্ত থাকলে তা আবেদনে উল্লেখ করতে হবে।

৯। আবেদনকারীর বয়স ৩১/১২/২০২১ খ্রিঃ তারিখে ৬০ (ষাট) বছর বা তার কম হতে হবে।

১০। প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত হারে (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত হারে) সম্মানী/ফি প্রাপ্য হবেন। উক্ত সম্মানী/ফি'র ওপর সরকারি কর্তনাদি প্রযোজ্য হবে। তালিকায় উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোন খাতে কোন অর্থ/বিল প্রাপ্য হবেন না।

১১। প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত (পরবর্তীতে সময় সময় হালনাগাদকৃত) হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোন বিজ্ঞ আইনজীবী কোন প্রকার সম্মানী/ফি অথবা মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১২। প্যানেলুভুক্তির জন্য মনোনীত আইনজীবীগণকে মন্ত্রণালয় কর্তৃক নিগোসিয়েশনের মাধ্যমে প্রণীত দ্বিপাক্ষিক চুক্তিনামায় স্বাক্ষর করতে হবে।

১৩। আবেদনপত্রের সাথে জাতীয় পরিচয়পত্র, এসএসসি, এইচএসসি, স্নাতক/স্নাতকোত্তর, আইন বিষয়ক ডিগ্রিসহ শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এবং বার কাউন্সিল কর্তৃক প্রদত্ত পেশাগত/অভিজ্ঞতা সংক্রান্ত সনদসমূহের সত্যায়িত কপি সংযুক্ত করতে হবে।

১৪। নিযুক্ত প্যানেল, প্যানেলভুক্তির তারিখ থেকে ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে, তবে মন্ত্রণালয় কর্তৃক মেয়াদ বর্ধিত করা হলে একই শর্তাধীনে নতুন করে চুক্তিনামা স্বাক্ষরের প্রেক্ষিতে নতুন মেয়াদে তা কার্যকর হবে।

১৫। প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোন তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি,সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোন বিশেষ তথ্য না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বিপক্ষে কার্যরত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনরূপে অবহিত করতে পারবেন না।

১৬। কর্তৃপক্ষ (মন্ত্রণালয়) প্রয়োজনে নির্ধারিত ভাতা/ফি'র ভিত্তিতে মন্ত্রণালয়ের অধীনস্ত দপ্তর/সংস্থার মামলায় প্রেষণে মন্ত্রণালয়ের পক্ষে কাজ করার দায়িত্ব প্রদান করলে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী তা করতে বাধ্য থাকবেন।

১৭। কোন বিজ্ঞ আইনজীবী প্যানেল হতে অব্যাহতি চাইলে অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

১৮। নিয়োগকারী (মন্ত্রণালয়) চাইলে যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে প্যানেলভুক্ত যে কোন এক বা একাধিক বিজ্ঞ আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে।

১৯। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং নির্ধারিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত সকল আবেদন সরাসরি বাতিল হিসেবে গণ্য হবে।

২০। প্যানেলভুক্তির জন্য দাখিলকৃত যে কোন আবেদন কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে অনুমোদন বা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

# বেসরকারি/প্যানেল আইনজীবীগণের কর্মপরিধি (Terms of Reference)

১। প্যানেলভুক্ত আইনজীবীগণ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় ও এর অধীনস্থ দপ্তর/সংস্থাসমূহের পক্ষে/বিপক্ষে বিভিন্ন আদালতে দায়েরকৃত মামলাসমূহে সুনির্দিষ্ট নিয়োগপত্রের ভিত্তিতে এতদুপলক্ষে প্রণিত কর্মপরিধি (টিওআর) অনুযায়ী সরকারি আইনজীবীর পাশাপাশি মামলা পরিচালনা ও প্রতিদ্বন্দ্বিতা করবেন।

২। নিয়োগকৃত প্যানেলভুক্ত আইনজীবী/আইনজীবীগণ গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্বার্থ রয়েছে, এমন মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করতে পারবেন না।

৩। নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবী/আইনজীবীগণকে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের নির্দেশনামতে বিজ্ঞ এটর্নি জেনারেল অফিসের সাথে সার্বিক সমন্বয়ের মাধ্যমে অর্পিত দায়িত্ব পালন করতে হবে।

৪। সরকারি স্বার্থ রক্ষার্থে মামলা দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে কার্যকর ব্যবস্থা গ্রহণের বিষয়ে নিয়োগকৃত বিজ্ঞ আইনজীবীকে সদা তৎপর থাকতে হবে।

৫। নিযুক্ত বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবী তাঁর নিকট হস্তান্তরিত যে কোন মামলা যে কোন সময় কর্তৃপক্ষ (মন্ত্রণালয়) নির্দেশ দিলে উক্ত মামলার কাগজপত্র/ দলিলাদি/অনাপত্তিপত্রসহ অন্য কোন আইনজীবীর নিকট অনতিবিলম্বে হস্তান্তর করবেন।

৬। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্যানেলভুক্ত আইনজীবী থাকাকালীন কোন বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবী এ মন্ত্রণালয়ের মামলা সংক্রান্ত কোন বিষয়ে মন্ত্রণালয়ের প্রতিপক্ষকে কোনরূপ সহযোগিতা/মতামত/পরামর্শ প্রদান কিংবা এ মন্ত্রণালয়ের বিপক্ষে কোন আদালতে কোন মামলা পরিচালনা করতে পারবেন না।

৭। গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের সার্বিক তত্ত্বাবধানে থেকে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে এ মন্ত্রণালয় সংশ্লিষ্ট মামলা ও আইন সংক্রান্ত দায়িত্ব পালনের ক্ষেত্রে নিযুক্ত বেসরকারি/প্যানেল আইনজীবীর আন্তরিকতার অভাব কিংবা যথাযথ তদারকির ত্রুটির কারণে সরকার পক্ষ কোনরূপ ক্ষতির সম্মুখীন হলে কর্তৃপক্ষের নিকট তাঁর জবাবদিহি থাকবে।

৮। বিজ্ঞ প্যানেল আইনজীবীর নিকট হস্তান্তরিত সকল মামলার তথ্যাদি যথাযথভাবে রেজিস্টারভুক্ত (ডাটাবেজ) করে প্রত্যেক মামলার হালনাগাদ অবস্থা প্রতি ০৩ (তিন) মাস অন্তর সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়কে অবহিত করতে হবে।

৯। প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত হলে উক্ত নিযুক্ত আইনজীবী এই টিওআর এর সাথে সংযুক্ত তালিকায় (যা টিওআর এর অংশ) বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। তালিকায় উল্লিখিত খাতসমূহের বাইরে অন্য কোন খাতে কোন অর্থ/বিল প্রাপ্য হবেন না বা কোন প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১০। প্যানেলভুক্ত কোন বিজ্ঞ আইনজীবী কোন নির্দিষ্ট মামলায় গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় কর্তৃক স্বতন্ত্র নিয়োগপত্রের ভিত্তিতে নিযুক্ত হলে কেবল সে ক্ষেত্রেই উক্ত আইনজীবী তালিকায় বর্ণিত হারে সম্মানী/ফি প্রাপ্য হবেন। শুধু প্যানেলভুক্ত থাকার কারণে কোন বিজ্ঞ আইনজীবী কোন প্রকার সম্মানী/ফি অথবা কোন প্রকার মাসিক ভাতা প্রাপ্য হবেন না।

১১। মাননীয় হাইকোর্ট বিভাগে বিচারের জন্য কজলিস্টে সিরিয়াল ১০০ এর মধ্যে থাকা মামলার ক্ষেত্রে শুনানি হলে শুনানি ফি এবং শুনানি না হলে 'Appearance' ফি হিসেবে বিজ্ঞ আইনজীবীর বিল পরিশোধ করা হবে। কজলিস্টে সিরিয়াল ১০০ এর বেশি হলে কোনরূপ ফি/সম্মানী পরিশোধ করা হবে না।

১২। নিয়োগকৃত আইনজীবীর ফি/সম্মানী হতে বিধিমোতাবেক সরকারি করসমূহ আদায় করা হবে।

১৩। নিয়োগকৃত বিজ্ঞ প্যানেল আইনজীবী সরকারের পক্ষে মামলা পরিচালনার কারণে বা অন্য কোনভাবে মামলা সংক্রান্ত নথিতে রক্ষিত সরকার পক্ষের গোপনীয় কোন তথ্য (উপাত্ত, ম্যাপ, ছবি,সিদ্ধান্ত ইত্যাদি) কিংবা কোন বিশেষ তথ্য না থাকা সংক্রান্ত তথ্য, সরকার বা মন্ত্রণালয়ের বিপক্ষে কার্যরত কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানকে সরবরাহ বা অন্য কোনরূপে অবহিত করতে পারবেন না।

১৪। কোন বিজ্ঞ আইনজীবী প্যানেল হতে অব্যাহতি চাইলে অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত থাকাবস্থায় অব্যাহতি চাইলে কমপক্ষে ৩০(ত্রিশ) দিন পূর্বে লিখিতভাবে মন্ত্রণালয়কে অবহিত করবেন।

১৫। নিয়োগকারী (মন্ত্রণালয়) চাইলে যে কোন সময় কোন কারণ দর্শানো ব্যতীত কমপক্ষে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে প্যানেলভুক্ত অথবা কোন নির্দিষ্ট মামলায় নিযুক্ত যে কোন এক বা একাধিক বিজ্ঞ প্যানেল আইনজীবীকে অব্যাহতি দিতে পারবে।

## বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবীগণের ভাতা/ফি'র তালিকা (টিওআর এর অংশ)

মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগ এবং নিম্ন আদালতসমূহে গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের স্বার্থ সংশ্লিষ্ট জরুরি/অতিগুরুত্বপূর্ণ/ জনস্বার্থ সংশ্লিষ্ট মামলা দায়ের/পরিচালনার নিমিত্ত মন্ত্রণালয় কর্তৃক নিযুক্ত বেসরকারি/প্যানেল আইনজীবীগণের জন্য অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত ভাতা/ফি'র হার (অর্থ বিভাগের স্মারক নং-০৭.০০.০০০০.১৭২.৩৬.০০৪.২০-০২ তারিখ ০৫ জানুয়ারি, ২০২২)।

(ক) সিভিল মামলা সংক্রান্ত (জজ কোর্ট ও অন্যান্য কোর্ট) মামলায় নিয়োগকৃত বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবীগণের জন্য নির্ধারিত ভাতা/ফিঃ

| ক্রম | আইটেমের বিবরণ | অনুমোদিত ভাতা/ফি |
|---|---|---|
| ০১ | মামলার ড্রাফটিং,ফাইলিং, এবং প্রস্তুতকৃত জবাব (আপিল, সিভিল রিভিশন ইত্যাদি) | ২,০০০/- (দুই হাজার) টাকা |
| ০২ | নিম্ন আদালতে প্রতিদিনের হাজিরা | ৫০০/- (পাঁচশত) টাকা |
| ০৩ | ডকুমেন্ট অনুসন্ধান (জজ কোর্ট) | প্রকৃত ব্যয় |
| ০৪ | সার্টিফাইড কপি উত্তোলন | প্রকৃত ব্যয় |
| ০৫ | ফটোকপি (চাহিদা সাপেক্ষে) | প্রকৃত ব্যয় |
| ০৬ | দফাওয়ারী জবাব প্রস্তুতকরণ | ২,০০০/- (দুই হাজার) টাকা |
| ০৭ | লিগ্যাল নোটিশ প্রস্তুত/নোটিশ অব ডিমান্ড জাস্টিস এর জবাব, ইত্যাদি | ১,৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা |
| ০৮ | মামলার শুনানি | ১,০০০/- (এক হাজার) টাকা |

**(খ) মাননীয় হাইকোর্ট বিভাগের জন্য নিয়োগকৃত বিজ্ঞ বেসরকারি/প্যানেল আইনজীবীগণের জন্য নির্ধারিত ফিঃ**

(রিট পিটিশন/প্রথম আপিল/প্রথম বিবিধ আপিল/সিভিল রিভিশন/সিভিল রিভিউ/সিভিল মিসলিনিয়াস পিটিশন/কনটেম্পট পিটিশন)

| ক্রম | আইটেমের বিবরণ | অনুমোদিত ভাতা/ফি |
|---|---|---|
| ০১ | রিট পিটিশন/প্রথম আপিল/প্রথম বিবিধ আপিল/সিভিল রিভিশন/সিভিল রিভিউ/সিভিল মিসলিনিয়াস পিটিশন/কনটেম্পট পিটিশন মামলার আর্জি ও জবাব প্রস্তুত ও দাখিলকরণ/এফিডেভিট ইন অপজিশন কমপ্লায়েন্স প্রস্তুত ও আদালতে দাখিল | ২৫,০০০/- (পঁচিশ হাজার) টাকা |
| ০২ | রিট পিটিশন/প্রথম আপিল/প্রথম বিবিধ আপিল/সিভিল রিভিশন/সিভিল রিভিউ/সিভিল মিসলিনিয়াস পিটিশন/কনটেম্পট পিটিশন/ডিলে পিটিশন মামলার আরজি ও জবাব সংশোধন/ কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারি এফিডেভিট/স্থগিত আদেশ/নিষেধাজ্ঞা বা আদেশ ভ্যাকেট এর জন্য আবেদন দাখিল | ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| ০৩ | পেপারবুক প্রস্তুতকরণ | প্রকৃত খরচ |
| ০৪ | কজলিস্টভুক্ত মামলায় বিজ্ঞ আইনজীবী আদালতে উপস্থিত থাকা সত্তেও শুনানি না হলে 'উপস্থিতি ফি' | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ০৫ | শুনানি (মোশনসহ)/চূড়ান্ত শুনানি/ বিশেষ শুনানি/ সাবস্ট্যানটিভ শুনানি | ২০,০০০/- (বিশ হাজার) টাকা |
| ০৬ | কোর্ট ফি, তলবানা ফি, সেকশন খরচ, সিকিউরিটি মানি জমা | প্রকৃত ব্যয় (মামলা প্রতি) |

| | | |
|---|---|---|
| ০৭ | মামলার আর্জি, জবাব, রায়/আদেশ এর সার্টিফাইড কপি উত্তোলন | আদালত কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী প্রকৃত ব্যয় (মামলা প্রতি) |
| ০৮ | রায় ঘোষণার সময় উপস্থিতি | ২,০০০/- (দুই হাজার) টাকা |
| ০৯ | লিগ্যাল নোটিশ প্রস্তুত ও জারি/লিগ্যাল নোটিশের জবাব প্রস্তুত ও জারি | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ১০ | আইনগত মতামত | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ১১ | বিবিধ (ফটোকপি, যোগাযোগ,মোবাইল খরচ প্রভৃতিসহ) | ২,০০০/- (দুই হাজার) টাকা |

**(গ) মাননীয় সুপ্রিম কোর্টের আপিল বিভাগ ও হাইকোর্ট বিভাগের জন্য নিয়োগকৃত বিজ্ঞ সিনিয়র আইনজীবীগণের জন্য নির্ধারিত ফিঃ**

(সিভিল মিসলিনিয়াস পিটিশন/সিপিএলএ/সিএ/সিভিল রিভিউ পিটিশন ইত্যাদি)

| ক্রম | আইটেমের বিবরণ | অনুমোদিত ভাতা/ফি |
|---|---|---|
| ০১ | মামলার আর্জি ও জবাব প্রস্তুত ও দাখিলকরণ/ (সিএমপি/সিভিল আপিল/রিভিশন/রিভিউ) এর গ্রাউন্ডস প্রস্তুত ও দাখিলকরণ/এফিডেভিট ইন অপজিশন/এফিডেভিট ইন কমপ্লায়েন্স প্রস্তুতপূর্বক আদালতে দাখিল | ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা |
| ০২ | মামলার আর্জি বা জবাব সংশোধন/কাউন্টার এফিডেভিট/সাপ্লিমেন্টারি এফিডেভিট/স্থগিত আদেশ/ নিষেধাজ্ঞা বা অন্তর্বর্তী আদেশ ভ্যাকেট এর জন্য আবেদন দাখিল/ডিলে ব্যাখ্যা দাখিল | ১০,০০০/- (দশ হাজার) টাকা |
| ০৩ | পেপারবুক প্রস্তুতকরণ | প্রকৃত খরচ (মামলা প্রতি) |
| ০৪ | এডভোকেট অন রেকর্ড (এওআর) এর ফি (প্রতি ধার্য তারিখে আদালতে উপস্থিতির জন্য) | ২,৫০০/- (দুই হাজার পাঁচশত) টাকা |
| ০৫ | কজলিস্টে থাকা মামলায় বিজ্ঞ আইনজীবী আদালতে উপস্থিত থাকা সত্ত্বেও শুনানি না হলে 'উপস্থিতি ফি' | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ০৬ | শুনানি (মোশনসহ)/চূড়ান্ত শুনানি/ বিশেষ শুনানি/ সাবস্ট্যানটিভ শুনানি | ৩০,০০০/- (ত্রিশ হাজার) টাকা |
| ০৭ | কোর্ট ফি, তলবানা ফি, সেকশন খরচ, সিকিউরিটি মানি জমা | প্রকৃত ব্যয় (মামলা প্রতি) |
| ০৮ | রায় ঘোষণার সময় উপস্থিতি | ৩,০০০/- (তিন হাজার) টাকা |
| ০৯ | মামলার আর্জি, জবাব, রায়/আদেশ এর সার্টিফাইড কপি উত্তোলন | আদালত কর্তৃক নির্ধারিত হার অনুযায়ী প্রকৃত ব্যয় (মামলা প্রতি) |
| ১০ | লিগ্যাল নোটিশ প্রস্তুত ও জারি/লিগ্যাল নোটিশের জবাব প্রস্তুত ও জারি | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |
| ১১ | আইনগত মতামত | ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা |
| ১২ | বিবিধ (ফটোকপি, যোগাযোগ,মোবাইল খরচ প্রভৃতিসহ) | ২,০০০/- (দুই হাজার) টাকা |
| ১৩ | মাননীয় হাইকোর্ট ও আপিল বিভাগে কেভিয়েট দাখিল | ২,০০০/- (দুই হাজার) টাকা |

০৯/০২/২০২২

মোঃ জহিরুল ইসলাম খান
আইন কর্মকর্তা (উপসচিব)
আইন শাখা-১
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়

## গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের প্যানেল আইনজীবী হিসেবে তালিকাভুক্তির জন্য আবেদন ফরম (প্রস্তাব পত্র)

| | |
|---|---|
| ০১. আবেদনকারীর নাম: | |
| ০২. পিতার নাম: | |
| ০৩. মাতার নাম: | |
| ০৪. জন্ম তারিখ: | |
| ০৫. ৩১/১২/২০২১ খ্রিঃ তারিখে বয়স: | |
| ০৬. স্থায়ী ঠিকানা: | |
| ০৭. বর্তমান/যোগাযোগের ঠিকানা: | |
| ০৮. চেম্বার/অফিসের ঠিকানা: | |
| ০৯. যে প্যাকেজে তালিকাভুক্ত হতে আগ্রহী: | |
| ১০. অন্য কোন প্রতিষ্ঠানে প্যানেলভুক্ত কি না: | |
| ১০. সর্বোচ্চ শিক্ষাগত যোগ্যতা (আইন বিষয়সহ): | |
| ১১. নিম্ন আদালতে প্র্যাকটিসের অভিজ্ঞতা: (নিম্ন আদালতের জন্য প্যানেলভুক্তির ক্ষেত্রে) | |
| ১২. হাইকোর্ট বিভাগে এনরোলমেন্টের তারিখ: (হাইকোর্ট বিভাগের জন্য প্যানেলভুক্তির ক্ষেত্রে) | |
| ১৩. হাইকোর্ট বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা: | |
| ১৪. আপিল বিভাগে এনরোলমেন্টের তারিখ: (আপিল বিভাগের জন্য প্যানেলভুক্তির ক্ষেত্রে) | |
| ১৫. আপিল বিভাগে প্র্যাকটিসের অভিজ্ঞতা: | |
| ১৬. বিশেষ যোগ্যতা/অভিজ্ঞতা (যদি থাকে): | |
| ১৭. পরিত্যক্ত সম্পত্তি সংক্রান্ত মামলা পরিচালনার অভিজ্ঞতা (যদি থাকে, প্রমাণক হিসেবে এ সংক্রান্ত মামলার রায় সংযুক্ত করতে হবে): | |
| ১৮. ফোন/মোবাইল নম্বর: | |
| ১৯. ইমেইল: | |
| ২০. আবেদনকারীর স্বাক্ষর, তারিখ ও সিল (seal) | |

**(** সাধারণ ও আইন বিষয়ক সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার স্বপক্ষে প্রমাণক সংযুক্ত করতে হবে**)**

**আবেদন দাখিলের নিয়মাবলীঃ**

(ক) আবেদনকারী ফরমটি ডাউনলোড করে অথবা একই ফরমেটে নিজে প্রস্তুত করে যথাযথভাবে পুরণপূর্বক নির্ধারিত তারিখ ও সময়ের মধ্যে দাখিল করতে পারবেন।

(খ) আবেদনের সাথে ০২ (দুই) কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের রঙিন ছবি সংযুক্ত করতে হবে।

(গ) সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতার সনদের সত্যায়িত কপি আবেদনের সাথে সংযুক্ত করতে হবে।

(ঘ) আইন বিষয়ে যোগ্যতার সনদসহ সংশ্লিষ্ট বার কাউন্সিলে অন্তর্ভুক্তির সনদের সত্যায়িত কপি দাখিল করতে হবে।

(ঙ) জাতীয় পরিচয়পত্রের কপি সংযুক্ত করতে হবে।

(গ) আবেদন/প্রস্তাব আবদ্ধ খামে (খামের উপর প্রেরকের নাম-ঠিকানা ও প্যাকেজের নাম উল্লেখসহ) **আগামী ১৬ মার্চ, ২০২২ তারিখ বিকাল ০৪.০০ ঘটিকার মধ্যে** সরাসরি/ডাকযোগে নিচের ঠিকানায় পৌছাতে হবে-

আবেদন/প্রস্তাব পৌছানোর ঠিকানাঃ **সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।**

০৯/০২/২০২২

মোঃ জহিরুল ইসলাম খান
আইন কর্মকর্তা (উপসচিব)
আইন শাখা-১
গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়